গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়**
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় ঃ **বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেট এর 'সেমিনার কক্ষ' ব্যবহারের নীতিমালা।**

গণগ্রন্থাগার মানব সম্পদ উন্নয়নে শিক্ষা ও জনসেবামূলক কার্যক্রম পরিচালনাসহ উৎসাহ প্রদান করে থাকে। এ জন্যে গ্রন্থাগারের লক্ষ্য ও উদ্দেশ্যের সাথে সংগতি বজায় রেখে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেট এর "সেমিনার কক্ষ" ব্যবহার নিম্নলিখিত ক্ষেত্রসমূহের মধ্যে সীমাবদ্ধ থাকবে:

ক) শিক্ষা, পুস্তক প্রকাশনা, পুস্তক প্রদর্শনী, গ্রন্থ কিংবা গ্রন্থাগার সম্পর্কিত উন্নয়নমূলক অনুষ্ঠানাদি;
খ) বিশিষ্ট ব্যক্তিবর্গের স্মরণে আয়োজিত অনুষ্ঠান;
গ) আবৃত্তি, হাতের লেখা প্রতিযোগিতা, সাহিত্য সমালোচনা, চিত্রাংকন প্রদর্শনী ও প্রতিযোগিতা, পুস্তক পাঠ প্রতিযোগিতা ইত্যাদি আয়োজন;
ঘ) ছোট আকারের শিক্ষা সংশ্লিষ্ট সেমিনার, সিম্পোজিয়াম, ওয়ার্কশপ, বিশেষ স্মরণীয় বা তাৎপর্যপূর্ণ দিবস উপলক্ষ্যে আলোচনা অনুষ্ঠান আয়োজন;
ঙ) সরকারি যে কোন অনুষ্ঠান আয়োজন।

শর্তাদি :

১. গ্রন্থাগারের পাঠ পরিবেশ বজায় রাখার স্বার্থে শব্দযন্ত্র সীমিত আকারে ব্যবহার করা যাবে;
২. একই প্রতিষ্ঠানকে এক মাসে ৫(পাঁচ) দিনের বেশি ভাড়া দেয়া যাবে না;
৩. ০৩ মাস পূর্বের কোন বুকিং গ্রহণ করা যাবে না;
৪. সেমিনার কক্ষের বিদ্যমান সুযোগ-সুবিধা ব্যতিত অতিরিক্ত কোন সুবিধা দাবী করা যাবে না;
৫. সরকারি যে কোন অনুষ্ঠান অগ্রাধিকার ভিত্তিতে বিবেচনা করতে হবে। এতে কোন ধরণের আপত্তি বিবেচিত হবে না;
৬. কোন রাজনৈতিক বা সাম্প্রদায়িক বিতর্কমূলক অনুষ্ঠানাদির জন্য বরাদ্দ দেওয়া হবে না;
৭. কোন রকম চলচ্চিত্র প্রদর্শন, নাটক বা কোন প্রকার সংগীত( জাতীয় সংগীত ব্যতিত) বা তৎসংশ্লিষ্ট সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য সেমিনার কক্ষ ব্যবহার করা যাবে না;
৮. সেমিনার কক্ষটি কোন বাণিজ্যিক উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না;
৯. সেমিনার কক্ষের সার্ভিস চার্জ নিম্নরূপ :

(ক) পূর্ণ দিবসের জন্য (সকাল ১০.০০টা হতে রাত ৮.০০টা পর্যন্ত) ............... .......... ১৫০০/-
(খ) অর্ধ দিবসের জন্য ( সকাল ৯.০০ টা হতে দুপুর ২.০০ টা অথবা
বিকাল ৩.০০ টা হতে রাত ৮.০০ টা পর্যন্ত) .............. ....... ১০০০/-
(গ) এছাড়া সরকারি নিয়মানুযায়ী ভাড়ার ১৫% ভ্যাট পৃথক রশিদের মাধ্যমে পরিশোধ করতে হবে (সরকারের ঘোষণা অনুযায়ী পরিবর্তনযোগ্য)।

**অপর পাতায় দ্রষ্টব্য।**

১০. আবেদনপত্র প্রাপ্তির পর 'সেমিনার কক্ষ' খালি থাকা এবং নীতিমালার অপরাপর শর্তাদি পূরণ সাপেক্ষে আবেদনকারী প্রতিষ্ঠানকে নির্ধারিত ছকে বরাদ্দপত্র জারী করা হবে।

১১. 'সেমিনার কক্ষ' বরাদ্দ প্রাপ্তির জন্য অত্র কার্যালয়ের 'প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক' বরাবর এ দপ্তর থেকে সরবরাহকৃত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে এবং ১০০০/-(এক হাজার) টাকা পে-অর্ডার/ডি.ডি আকারে জামানত(ফেরতযোগ্য) হিসেবে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে; অন্যথায় বুকিং বা আবেদন গ্রহণ করা হবে না। একই পে-অর্ডার বা ডি.ডি দ্বারা জামানত হিসাবে পরপর একাধিক অনুষ্ঠান করা যাবে তবে পে-অর্ডার বা ডি.ডি ইস্যুর তারিখ থেকে ১ বছরের বেশি ব্যবহার করা যাবে না। অনুষ্ঠানের পূর্বে ভাড়া গ্রহণের পাকা রশিদ ভাড়া গ্রহীতাকে সংগ্রহ করতে হবে এবং 'সেমিনার কক্ষ' ব্যবহারের সময় পাকা রশিদ প্রদর্শনপূর্বক ভাড়া গ্রহীতাকে 'সেমিনার কক্ষ' ব্যবহারের জন্য খুলে দেয়া হবে;

১২. আবেদনকারী সংস্থা (যিনি ভাড়া নিবেন) কর্তৃক জামানতসহ 'সেমিনার কক্ষ' বরাদ্দ নেয়ার জন্য আবেদন করার পর তারিখ পরিবর্তন কিংবা অনুষ্ঠান বাতিল করতে হলে সেই ক্ষেত্রে তাদের জামানত হিসাবে জমাকৃত ডিডি/পে-অর্ডার থেকে অনুমোদিত ভাড়ার ২৫% অর্থ কর্তন করা হবে। কর্তনকৃত অর্থ পে-অর্ডার/ডি.ডি/নগদ জমা প্রদানপূর্বক যথাযথ আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট জামানত ফেরত নেয়া যাবে। এ দপ্তর কর্তৃক বরাদ্দ প্রদানের পর তারিখ পরিবর্তন কিংবা বাতিল করা হলে জামানত হিসেবে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা দেয়া হবে। আবেদনকারীর কোন ধরণের আপত্তি এ ক্ষেত্রে গ্রহণযোগ্য হবে না;

১৩. সেমিনার কক্ষ ব্যবহারকালীন সময়ে সেমিনার কক্ষের কোন ক্ষতি সাধিত হলে ভাড়া গ্রহীতা সম্পূর্ণ ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবেন। এ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে। কোনরূপ ক্ষয়ক্ষতি না হলে জামানতের অর্থ অনুষ্ঠানের পর যে কোন কার্যদিবসে যথাযথ আবেদনের মাধ্যমে ফেরত নেয়া যাবে।

১৪. এ দপ্তরের নিয়ন্ত্রণ বহির্ভুত বিদ্যুৎ বিভ্রাটের জন্য কর্তৃপক্ষ দায়ী হবে না। নির্ধারিত বিদ্যুৎ সংযোগের বাইরে অতিরিক্ত কোন আলোকসজ্জা বা কোন প্রকার শুটিং এর জন্য বিদুৎ ব্যবহার করা যাবে না।

১৫. অনুষ্ঠান চলাকালে 'সেমিনার কক্ষ' বা তার আশে পাশে শান্তি শৃংখলা বজায় রাখার দায়িত্ব ভাড়া গ্রহণকারী প্রতিষ্ঠানের।

১৬. 'সেমিনার কক্ষ' বলতে শুধুমাত্র সেমিনার কক্ষটিকেই বুঝাবে, কোন অবস্থাতেই সেমিনার কক্ষের বাহিরের প্রাঙ্গনে কোনরূপ প্যান্ডেল বা ছাউনি তৈরী, রান্না বা খাওয়ার ব্যবস্থা, মাইক ইত্যাদি ব্যবহার করা যাবে না;

১৭. 'সেমিনার কক্ষ' বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠান/সংস্থার এখতিয়ার বহির্ভুত কোন দৈব দুর্বিপাক কিংবা অনিবার্য কোন কারণে নির্ধারিত দিনে অনুষ্ঠান করা সম্ভব না হলে সে ক্ষেত্রে ভাড়া গ্রহীতাকে দায়ী করা হবে না। এক্ষেত্রে ভাড়া গ্রহীতা পরবর্তী সময়ে সেমিনার কক্ষ খালি থাকা সাপেক্ষে ব্যবহার করতে পারবে এবং আলাদা ভাড়া প্রদান করতে হবে না;

১৮. কোন রেয়াতি ভাড়া প্রদানের ক্ষমতা স্থানীয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন না;

১৯. অধিদপ্তর বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক কোন অনুষ্ঠানের জন্য ভাড়া কার্যকর নয়;

২০. সেমিনার কক্ষ বরাদ্দ প্রদান এবং বরাদ্দ বাতিলের ক্ষেত্রে যে কোন সিদ্ধান্তের গ্রহণের পূর্ণ ক্ষমতা স্থানীয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

সুরাইয়া ৮.৫.১১

(সুরাইয়া বেগম *এনডিসি*)
ভারপ্রাপ্ত সচিব